



জরুরী

জেলা প্রশাসক
কুমিল্লা।


বিষয় : বাউবি পরিচালিত এসএসসি পরীক্ষা-২০১৫ এর ২৩/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিতব্য বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের ২য় সেট প্রশ্নপত্র হস্তান্তর প্রসঙ্গে।

জনাব

আপনি অবগত আছেন যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা-২০১৫ গত ২৮/১০/২০১৬ খ্রি: তারিখে সারা দেশব্যাপী সকল পরীক্ষা কেন্দ্রে একযোগে শুরু হয়েছে। অনিবার্য কারণবশত: আগামী ২৩/১২/২০১৬ খ্রি: তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষার বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের ইতোপূর্বে প্রেরিত প্রশ্নপত্র (সৃজনশীল ও বহুনির্বাচনী) বাতিল করা হয়েছে। সে প্রেক্ষিতে আপনার জেলার ট্রেজারীতে কুমিল্লা, নোয়াখালী, লক্ষ্মীপুর, বাঙ্গানবাতীয়া, ফেনী ও চাঁদপুর জেলার উল্লিখিত বিষয়ের বিজি প্রেস কর্তৃক মুদ্রিত ২য় সেট প্রশ্নপত্র প্রেরণ করা হল। প্রেরিত প্রশ্নপত্র হতে ১৫/১২/২০১৬ তারিখে কুমিল্লা, নোয়াখালী, লক্ষ্মীপুর, বাঙ্গানবাতীয়া, ফেনী ও চাঁদপুর জেলার ২য় সেট প্রশ্নপত্রের গালাসীলকৃত প্যাকেট আঞ্চলিক পরিচালক কুমিল্লা এর উপস্থিতিতে উপ-আঞ্চলিক কেন্দ্রের উপ-আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর নিকট হস্তান্তরের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রশ্নপত্র গ্রহণকারী কর্মকর্তার স্বাক্ষর আঞ্চলিক পরিচালক কুমিল্লা প্রত্যয়ন করবেন।

এ বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদসহ।



পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি কার্যার্থে:

- ১। আঞ্চলিক পরিচালক, কুমিল্লা আঞ্চলিক কেন্দ্র, বাউবি (উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর প্রত্যয়নপূর্বক ট্রেজারীতে উপস্থিত থেকে প্রশ্নপত্র বন্টন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। ট্রেজারী কর্মকর্তা, কুমিল্লা (আঞ্চলিক পরিচালক কর্তৃক প্রত্যায়িত কর্মকর্তার নিকট বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659) বিষয়ের ২য় সেট প্রশ্নপত্র হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি (১৫/১২/২০১৬ খ্রি: তারিখ অপরাহ্নে কুমিল্লা ট্রেজারীতে উপস্থিত থেকে প্রশ্নপত্রের গালাসীলকৃত ট্রাংক গ্রহণপূর্বক আপনার জেলার ট্রেজারীতে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।

অবগতির জন্য:

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সংরক্ষণ নথি।